# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৫৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - আযানের ফযীলত ও মুয়াযযিনের উত্তর দান

بَابُ فَضْلِ الْأَذَانِ وَإِجَابَةِ الْمُؤَذِّنِ

## আরবী

عَنْ مُعَاوِيَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْمُؤَذِّنُونَ أَطْوَلُ النَّاسِ أعناقا يَوْمَ الْقِيَامَة» . رَوَاهُ مُسلم

## বাংলা

৬৫৪-[১] মু'আবিয়াহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ কিয়ামতের (কিয়ামতের) দিন মুয়াযযিনগণ সবচেয়ে উঁচু ঘাড় সম্পন্ন লোক হবে। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৩৮৭, ইবনু মাজাহ্ ৭২৫, আহমাদ ১৬৮৬১, সহীহ ইবনু হিব্বান ১৬৬৯, সহীহ আল জামি‘ ১০৩১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: মুয়াযযিনগণের সবচেয়ে দীর্ঘ ঘাড়ের কথা বলে মূলত মুয়াযযিনগণের সম্মান ও মর্যাদা বুঝাবার ইঙ্গিত হয়েছে। তাদেরকে সকলের উপর দিয়ে দেখা যাবে বা তারা অধিক সম্মানিত হবেন। কেউ কেউ বলেন, যারা দুনিয়াতে আযান দিয়েছে তারা অধিক মর্যাদা ও সাওয়াবের অধিকারী হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55211

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন